

## রাবি শিক্ষক সমিতির কর্মবিরতি অব্যাহত

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়  
প্রস্তাবিত অষ্টম জাতীয় পে-স্কেল  
পুনর্নির্ধারণের দাবিতে পূর্বঘোষিত  
কর্মসূচি অনুযায়ী কর্মবিরতি পালন  
করছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি)  
শিক্ষক সমিতি। গত রোববার সকাল  
১০টা থেকে দুপুর একটা পর্যন্ত এ  
কর্মবিরতি পালন করা হয়।  
রাবি শিক্ষক সমিতির সভাপতি  
অধ্যাপক ড. আনন্দ কুমার সাহা  
রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

ফেডারেশনের সিদ্ধান্ত অনুযায়ী  
আগামী রোববারও এ কর্মবিরতি  
পালন করবে। এরপর নতুন কর্মসূচি  
ঘোষণা করা হবে।  
বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়,  
রোববার সকাল ১০টা থেকে একটা  
পর্যন্ত সকাল বিভাগে ক্লাস নেয়া  
থেকে বিরত থাকেন শিক্ষকরা।  
তবে পরীক্ষা কর্মবিরতির  
আওতাভুক্ত ছিল। এদিকে  
কর্মবিরতির পাশাপাশি অবস্থান

ধর্মঘট পালনের ঘোষণা থাকলেও  
তা করা হয়নি। এ ব্যাপারে জানানতে  
চাইলে ড. আনন্দ কুমার সাহা  
বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি  
ফেডারেশনের সিদ্ধান্ত অনুযায়ী  
আমরা আমাদের কর্মসূচি পালন  
করছি। সেখানে এর আগে যে  
সিদ্ধান্ত হয়েছিল সেখানে কেবল  
কর্মবিরতির কথা উল্লেখ করা আছে।  
কিছু শিক্ষক ভুল করে অবস্থান  
ধর্মঘটের কথা বলেছে।